

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/২৬ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নম্বর ২১০-আইন/২০২০।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের ১ নং কলামে উল্লিখিত—

“(ক) ক্রমিক নং (৪) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, এবং ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং (৪) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
(৪)	উপপরিচালক (ডিডি)	-	পদোন্নতির মাধ্যমে	সহকারী পরিচালক (এডি) বা সিকিউরিটি অফিসার পদে ৬(ছয়) বৎসরের চাকরি।

(৭৬২১)

মূল্য : টাকা ৮.০০

- (খ) ক্রমিক নং (৫) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, এবং ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং (৫) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
(৫)	সহকারী পরিচালক (এডি)	অনূর্ধ্ব ৩০ বৎসর।	(ক) শতকরা ৩৩.৩৩ (তেরিশ দশমিক তেরিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে। (খ) শতকরা ৬৬.৬৭ (ছেষটি দশমিক সাতষটি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে: নিরাপত্তা পরিদর্শক (এসআই) পদে ৭ (সাত) বৎসরের চাকরিসহ স্নাতক বা সমমানের ডিগ্রি বা নিরাপত্তা পরিদর্শক (এসআই) পদে ১২ (বার) বৎসরের চাকরিসহ উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; বা (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী; বা (গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী।

- (গ) ক্রমিক নং (৬) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, এবং ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং (৬) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
(৬)	সিকিউরিটি অফিসার	অনূর্ধ্ব ৩০ বৎসর।	(ক) শতকরা ৩৩.৩৩ (তেরিশ দশমিক তেরিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে। (খ) শতকরা ৬৬.৬৭ (ছষটি দশমিক সাতষটি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> নিরাপত্তা পরিদর্শক (এসআই) পদে ৭ (সাত) বৎসরের চাকরিসহ স্নাতক বা সমমানের ডিগ্রি বা নিরাপত্তা পরিদর্শক (এসআই) পদে ১২ (বার) বৎসরের চাকরিসহ উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; বা (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; বা (গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী।

- (ঘ) ক্রমিক নং (৭) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, এবং ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং (৭) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
(৭)	নিরাপত্তা পরিদর্শক (এসআই)	অনূর্ধ্ব ৩০ বৎসর।	(ক) শতকরা ৩৩.৩৩ (তেরিশ দশমিক তেরিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে। (খ) শতকরা ৬৬.৬৭ (ছেষটি দশমিক সাতষষ্টি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u> নিরাপত্তা উপ-পরিদর্শক (এসএসআই) পদে ৬ (ছয়) বৎসরের চাকরি। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
সচিব।